



# বাংলাদেশ ফুটবল ফেডারেশন

## BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ২৯-১১-২০২০

### সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাবুফে) বর্তমানে সারা দেশের সকল একাডেমীকে সার্টিফিকেট প্রদানের মাধ্যমে স্বীকৃতি দেওয়ার উদ্যোগ নিয়েছে। চলতি বছরের জুন থেকে এই প্রকল্পের জন্য কাজ শুরু করে বাবুফে। এ উদ্দেশ্যে সারা দেশের মোট ২০০টিরও অধিক একাডেমীর সঙ্গে যোগাযোগ স্থাপন করে বাবুফে।

এসব একাডেমীর কাছ থেকে প্রথমে আবেদনপত্র গ্রহণ করা হয়। পরে নিবন্ধনকৃত একাডেমীগুলো হতে প্রেরিত ডকুমেন্টসের ওপর ভিত্তি করে সার্বিক দিক বিচার বিশ্লেষণ করে এদের মধ্য থেকে ৭৮টি একাডেমীকে সার্টিফিকেট প্রদান করেছে বাবুফে। আজ রবিবার ২৯ নভেম্বর ২০২০ তারিখে মতিঝিলস্থ বাবুফে ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে এসব একাডেমীর প্রতিনিধিদের হাতে সার্টিফিকেট প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাবুফের নব নির্বাচিত সহ-সভাপতি ও ডেভেলপমেন্ট কমিটির চেয়ারম্যান জনাব মোঃ আতাউর রহমান ভূঁইয়া মানিক, বাবুফের কার্যনিবাহী কমিটির সদস্য জনাব মোঃ নুরুল ইসলাম নুরু ও বাবুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ।

সার্টিফিকেট অর্জনের ফলে এই প্রকল্পের আওতাধীন একাডেমীগুলো বাবুফে, এএফসি এবং ফিফা কর্তৃক প্রদত্ত মানদণ্ড পূরণ করবে। জেলা ফুটবল অ্যাসোসিয়েশন, ক্লাব একাডেমীগুলিকে আরও উন্নত করতে এবং ফুটবল উন্নয়নের জন্য সমস্ত প্রয়োজনীয় ধাপগুলোকে একত্রিত করতে সহায়তা করেছে। অপরদিকে, বাবুফে দেশের ফুটবলের বিস্তার বজায় রাখতে এবং মানসম্পন্ন একাডেমিক প্রোফাইল প্রচার ও বৃদ্ধিতে একাডেমীগুলোকে সর্বপ্রকার সহায়তা অব্যাহত রাখবে।

এ প্রসঙ্গে বাবুফে সাধারণ সম্পাদক জনাব আবু নাইম সোহাগ জানান, 'একাডেমি স্বীকৃত প্রকল্পটি বিভাগগুলিতে ফুটবলের উপস্থিতি তুলে ধরছে এবং তৃণমূল ফুটবলকে সহায়তা করার জন্য একাডেমীগুলোর সকল প্রচেষ্টা অব্যাহত রয়েছে।'

আর বাবুফের নব নির্বাচিত সহ-সভাপতি ও ডেভেলপমেন্ট কমিটির চেয়ারম্যান জনাব মোঃ আতাউর রহমান ভূঁইয়া মানিক জানান, 'এই প্রকল্পের মাধ্যমেই ফুটবলের যথাযথ উন্নয়ন সাধিত হবে। সারাদেশের একাডেমীগুলো তাদের ফুটবল উন্নয়ন ও বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। আশা করি এই উন্নয়নের ধারা অব্যাহত থাকবে। এসব একাডেমীতে খেলোয়াড়দের অংশগ্রহণ ও খেলোয়াড়দের বিকাশ এবং প্রশাসনের সামগ্রিক কল্যাণ কামনা করি।

আহসান আহমেদ অমিত

হেড অব মিডিয়া, বাংলাদেশ ফুটবল ফেডারেশন